

## নমুনা উত্তরদত্ত :

বাঙালির জীবন ধারার সঙ্গে চাকু ও কারুকলা গভীরভাবে সম্পর্কিত। প্রাচীনকাল থেকেই বাঙালিরা চাকুকাকু চর্চা করে আসছে।

বাংলাদেশের প্রায় বিভিন্ন অনুষ্ঠানে কারুকশিল্পের ব্যবহার হয়ে থাকে। যেমন গায়ে হলুদ অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে কারুকশিল্প ব্যবহার করা হয়ে থাকে। যেমন :

১) কুলা তৈরির ক্ষেত্রে।

২) ডালা তৈরির ক্ষেত্রে।

৩) গায়ে হলুদের গহনা তৈরির ক্ষেত্রে।

৪) উপহার তৈরির ক্ষেত্রে।

## Mechanical Engineering

৫) গায়ে হলুদের মঞ্চের আশেপাশে আলদনা তৈরির ক্ষেত্রে

হলুদের নানা ধরনের তত্ত্ব সাজিয়ে আনা হয় ডালা ও কুলায় করে। আলাদা করে বিভিন্ন উপকরণ কিনে ডালা ও কুলা তৈরি করা যায়। সাজানোর সব ধরনের ফুল, ফিতা, কাগজ, পলি, লতাপাতা ইত্যাদি বিষয়ে পাওয়া যায়। নিজেরা তৈরি করে নিলে সেটা সাধারণত আলাদা হয়। আমাদের বাঙালি সংস্কৃতিতে গায়ে হলুদের আরও একটি বিষয়ে বিশেষ জোর থাকে, সেটা হচ্ছে অতিথিদের উপহার দিয়ে বরণ করে নেওয়া।

একদক্ষ যখন অন্যদক্ষের বাড়িতে হালুদের তত্ত্ব নিয়ে আসে, তখন তাদের ফুল ছিটিয়ে আর উপহার দিয়ে বরণ করতে দেখা যায়। হালুদের উপহার হিসেবে চাবির রিং, ক্লিপ, হেয়ার ব্যান্ড, ছোট পার্স, চকলেটের ডালা, খেলনা, মাটির শো-দিস, পুতুল, রাখি, হাতঘড়ি দেওয়া যেতে পারে। উপহারস্বরূপ এই খেলনা, চকলেটের ডালা, মাটির শো-দিস, পুতুল ইত্যাদি কারুশিল্পের মাধ্যমে তৈরি করা হয়।

Mechanical Engineering



এছাড়াও হলুদের মঞ্চের আশপাশে, বাসার সিঁড়িতে, ছাদে অনুষ্ঠানস্থলের পুরো জায়গায়, বারান্দায় ঘরের মেঝেতে আলপনা আঁকার ক্ষেত্রে কারুশিল্প ব্যবহার করা হয়।

সাধারণ মানুষরাও এই ধরনের কারুশিল্প তৈরি করতে পারে। এসকল কারু শিল্প আমাদের দেশের ঐতিহ্য ইতিহাস কে বহন করে।